

আস-সাফাত | As-Saffat | الصّافات

আয়াতঃ ৩৭ : ১০৩

আরবি মূল আয়াত:

فَلَمَّا أَسْلَمَا وَتَلَّهِ لِلْجَبِينِ ﴿١٠٣﴾

অনুবাদসমূহ:

অতঃপর তারা উভয়ে যখন আত্মসমর্পণ করল এবং সে তাকে* কাত করে শুইয়ে দিল — আল-বায়ান

দু'জনেই যখন আনুগত্যে মাথা নুইয়ে দিল। আর ইবরাহীম তাকে উপুড় ক'রে শুইয়ে দিল। — তাইসিরুল

যখন তারা উভয়ে আনুগত্য প্রকাশ করল এবং ইবরাহীম তার পুত্রকে কাত করে শায়িত করল — মুজিবুর রহমান

And when they had both submitted and he put him down upon his forehead,
— Sahih International

* ইসমাইলকে

১০৩. অতঃপর যখন তারা উভয়ে আনুগত্য প্রকাশ করলেন(১) এবং ইবরাহীম তার পুত্রকে উপুড় করে শায়িত করলেন,

(১) কাতাদাহ বলেন, যখন ইসমাইল তার আত্মাকে আল্লাহর জন্য সোপর্দ করলেন, আর ইবরাহীম তার ছেলেকে আল্লাহর জন্য সমর্পণ করলেন। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(১০৩) অতঃপর পিতা-পুত্র উভয়েই যখন আনুগত্য প্রকাশ করল এবং ইবরাহীম তাকে যবেহ করার জন্য অধোমুখে[১] শায়িত করল,

[১] সকল মানুষের মুখমন্ডলের (ডানে ও বামে) দুটো جَبِين (কপালের দুই পার্শ্ব) থাকে এবং মাঝে থাকে جَبْهَة (কপাল)। অতএব আয়াতের সঠিক অর্থ হবে 'কাত করে শায়িত করল।' অর্থাৎ এমনভাবে কাত করে শুইয়ে দিলেন, যেমন পশুকে যবেহ করার সময় ক্রিবলা মুখে কাত করে শোয়ানো হয়। কপাল বা মুখমন্ডলের উপর (অধোমুখে) শোয়ানোর অর্থ করার কারণ হল, প্রসিদ্ধি আছে যে, ইসমাইল (আঃ) নিজেই কাত করে শোয়ানোর জন্য বলেছিলেন। যাতে তাঁর মুখমন্ডল আব্রার সামনে না থাকে এবং পিতৃস্নেহ আল্লাহর আদেশের উপর প্রাধান্য পাওয়ার সম্ভাবনা না থাকে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3891>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন